

স্মারক নং- ৪৭.৬০.০০০০.০০১.৯৯.০০২.১৮.- ২০৪৭

তারিখঃ ১৪ নভেম্বর, ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে 'পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর' এর কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন প্রসঙ্গে।

বাংলাদেশের তৃণমূল পর্যায় হতে কেন্দ্রীয় পর্যায় পর্যন্ত ব্যক্তি, পরিবার ও প্রাতিষ্ঠানিক সকল ক্ষেত্রে শৃঙ্খলা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সু-নিশ্চিত করার মধ্য দিয়ে পরিচ্ছন্ন পরিবেশ তৈরি ও ডেঙ্গু সংক্রমণ রোধের লক্ষ্যে মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রম অবিলম্বে শুরু করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী অনুশাসন প্রদান করেছেন। সে লক্ষ্যে আমার বাড়ি আমার খামার প্রকল্পসংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী এবং উপকারভোগী সদস্য ও পরিবারভুক্ত সকলকে সম্পৃক্ত করে নিম্নোক্ত কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন সুনিশ্চিত করতে হবে।

কর্মপরিকল্পনা –

ক্রঃ নং	কর্মসূচি	বাস্তবায়নাধীন এলাকা	বাস্তবায়নকারী	সময়/ মেয়াদ
০১	'পরিচ্ছন্ন গ্রাম – পরিচ্ছন্ন শহর'	সকল অফিস এবং আঞ্জীনা	আমার বাড়ি আমার খামার প্রকল্প সংশ্লিষ্ট অফিস স্টাফ	স্বল্প মেয়াদী (৩ মাস) নভেম্বর'১৯-জানুয়ারি'২০
০২	'পরিচ্ছন্ন গ্রাম – পরিচ্ছন্ন শহর'	সকল সমিতি এবং সদস্যদের বাড়িঘর	প্রকল্প সংশ্লিষ্ট সমিতির সকল সদস্য	মধ্য মেয়াদী (১ বছর) ডিসেম্বর'১৯- নভেম্বর'২০
০৩	'পরিচ্ছন্ন গ্রাম – পরিচ্ছন্ন শহর'	প্রকল্প সংশ্লিষ্ট সকল কর্মী এবং সদস্যদের বাড়িঘর ও আঞ্জীনা	সকল কর্মকর্তা-কর্মচারী এবং সকল সমিতি ও পরিবারভুক্ত সদস্য	দীর্ঘ মেয়াদী (চলমান) ডিসেম্বর'১৯ হতে চলমান থাকবে

০১. স্বল্প মেয়াদী (নভেম্বর'১৯ – জানুয়ারি'২০) –

আমার বাড়ি আমার খামার প্রকল্পের সকল পর্যায়ের অফিস এবং অফিসের আঞ্জীনা উল্লিখিত ০৩ মাসের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে, যা পরবর্তি সময়ে চলমান থাকবে। এ পরিচ্ছন্ন অভিযানে স্ব-স্ব কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী আন্তরিকতার সাথে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করবেন।


০২. মধ্য মেয়াদী (ডিসেম্বর '১৯-নভেম্বর'২০) –

আমার বাড়ি আমার খামার প্রকল্পের সকল সমিতির উঠান বৈঠকের স্থান এবং সদস্যদের বাড়িঘর ও আশেপাশের আঞ্জীনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে উপকারভোগী সকল সদস্য ও পরিবারবর্গকে সম্পৃক্ত করতে হবে। এজন্য সমিতি পর্যায়ে সকলের উপস্থিতিতে বিশেষ মিটিং এর মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ, মশক নিধন ও ডেঙ্গু রোগের ভয়াবহতা সম্পর্কে সকলকে উদ্বুদ্ধ করতে হবে, যাতে উল্লিখিত মেয়াদ শেষে পরবর্তি সময়েও এমন পারিবারিক ও সামাজিক উদ্যোগ অব্যাহত থাকে।

০৩. দীর্ঘ মেয়াদী (চলমান) –

প্রকল্পসংশ্লিষ্ট সকল স্তরের অফিস, বাড়িঘর, আঞ্জীনা, উঠান বৈঠকের স্থান নির্দিষ্ট সময়ের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা সুনিশ্চিত করতে হবে এবং এই পরিচ্ছন্নতা অভিযান চলমান রাখতে হবে যাতে করে সর্বদাই আমাদের বাড়িঘর ও চারপাশের পরিবেশ সুন্দর দৃশ্যমুগ্ধ থাকে। এজন্য মাঠ পর্যায়ে উঠান বৈঠকে সদস্যদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে পরিবেশ পরিচ্ছন্নতা কর্মসূচি চলমান রাখতে হবে, যা কর্মকর্তাগণ ফিল্ড ভিজিটে গিয়ে তদারকিসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

আশা করি, সমন্বিতভাবে আন্তরিক এ উদ্যোগের ফলে পরিবার, সমাজ ও জাতীয় জীবনে একটি পরিচ্ছন্ন সুন্দর পরিবেশ গঠন করে এবং তা সংরক্ষণে আমরা সক্ষম হবো।

  
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
আমার বাড়ি আমার খামার প্রকল্প

কর্মকর্তা-কর্মচারী, সকল জেলা ও উপজেলা কার্যালয়।

অনুলিপিঃ অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য –

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. জেলা প্রশাসক, সকল জেলা ;
৩. সকল কর্মকর্তা-কর্মচারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সদর কার্যালয়, ঢাকা ;
৪. উপ-পরিচালক, বিআরডিবি, সকল জেলা ;
৫. অফিস নথি ;